# আজ বাংলাদেশের গণতন্ত্রে গুরুত্বপূর্ণ অধ্যায়: ইইউ পর্যবেক্ষক প্রধান



ইইউ পর্যবেক্ষক প্রধান। ছবি: সংগৃহীত

বাংলাদেশের গণতান্ত্রিক প্রক্রিয়ায় আজকের দিনটিকে তাৎপর্যপূর্ণ হিসেবে উল্লেখ করেছেন ইউরোপীয় ইউনিয়নের নির্বাচন পর্যবেক্ষণ মিশনের প্রধান ইভার্স ইজাবস।

বৃহস্পতিবার (১২ ফেব্রুয়ারি) সকালে রাজধানীর একটি কেন্দ্র পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। এদিন সকাল সাড়ে সাতটা থেকে সারাদেশে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোটের ভোটগ্রহণ শুরু হয়।

পর্যবেক্ষণের প্রাথমিক অভিজ্ঞতা তুলে ধরে তিনি জানান, নির্ধারিত সময়েই ভোটগ্রহণ শুরু হয়েছে। তাৎক্ষণিকভাবে কোনো মূল্যায়ন দিতে চান না বলেও উল্লেখ করেন তিনি। পুরো দিনের প্রক্রিয়া শান্তিপূর্ণভাবে সম্পন্ন হোক—এ প্রত্যাশাও ব্যক্ত করেন।

তিনি আরও বলেন, ইউরোপীয় ইউনিয়ন একটি অবাধ, সুষ্ঠু ও সবার কাছে গ্রহণযোগ্য নির্বাচন দেখতে চাই।

LENS ASIA